দৈনিক ইত্তেফাক

তারিখ MAY 1-2 1999
পৃষ্ঠা 7 কলাম 8

95

সংবেদনশীল নতুন কম্পিউটার আসছে

# কম্পিউটার মানুষের অবস্থা বুঝতে পারবে ও পরামর্শ দেবে

**বিবিসি** ঃ কম্পিউটার ছাড়া এখন আধুনিক জীবন কল্পনা করা কঠিন। সত্যিই বলতে কি কম্পিউটার প্রতিদিন এমন সব কাজ করে মানুষের পক্ষে যা অসম্ভব। অথচ কম্পিউটারের নিজস্ব কোন বুদ্ধি নেই। তাছাড়া প্রতিদিন কম্পিউটারের সাথে আমরা অনেকটা সময় কাটালেও কম্পিউটার আর ৫টি যন্ত্রের মত অচেতন। আমাদের

১১-এর পৃঃ ৫-এর কঃ দেখুন

## কম্পিউটার

প্রথম পৃষ্ঠার পর

মন-মেজাজের খবর সে রাখে না। কিন্তু মার্কিন গবেষকদের কল্যাণে এমন কম্পিউটার তৈরী হতে যাচ্ছে, যা আমাদের মন-মেজাজ বুঝতে সাহায্য করবে।

৫০ বছর আগে যখন বিজ্ঞানীরা কম্পিউটার আবিষ্কার করেন; তখন তার ক্ষমতা ছিল এখনকার অতি সাধারণ ক্যালকুলেটারের চেয়েও কম। কিন্তু বিজ্ঞানীদের গবেষণার ফলে এখন কম্পিউটার আমাদের জীবনের বিভিন্ন ক্ষেত্র অধিকার করেছে। রোবট ছাড়াও ভিডিও, টেলিভিশন, ইলেকট্রনিক ঘড়ি, ক্যালকুলেটার* ও অস্ত্রোপচারের হাতিয়ারসহ প্রতিটি যন্ত্রে এখন রয়েছে কম্পিউটার। এর পরেও কম্পিউটারের সীমাবদ্ধতা রয়েছে। কম্পিউটারের বড় সীমাবদ্ধতা হচ্ছে তার কোন বুদ্ধি নেই। কম্পিউটার নিজের বুদ্ধি দিয়ে কিছুই করতে পারে না। কম্পিউটার মানুষের মন-মেজাজ ও মতিগতি কিছুই বুঝতে পারে না। সে কারণে বিজ্ঞানীরা গবেষণা করছেন কম্পিউটারকে কৃত্রিম বুদ্ধি দেয়ার জন্য। বিজ্ঞানীরা এমন কম্পিউটার তৈরীর কাজে অনেকটাই এগিয়ে গেছেন, যা আমাদের মন-মেজাজ, ভাললাগা ও মন্দলাগা বুঝতে পারবে এবং তার সাথে নিজেকে কম্পিউটার তাল মিলিয়ে চলতে পারবে।

কম্পিউটার প্রস্তুতকারক আইবিএম কোম্পানীর বিজ্ঞানীরা গোপনে পর্যবেক্ষণ করে লক্ষ্য করেছেন যে, যারা কম্পিউটারে কাজ করেন এদের মধ্যে বেশীর ভাগ লোক গড়পড়তা প্রতি দু'মিনিটে একেকটা মনের ভাব প্রকাশ করে। অথচ কম্পিউটার তাতে কোন সাড়া দিতে পারে না। বিজ্ঞানীরা এখন কাজ করছেন একটি সংবেদনশীল কম্পিউটার তৈরীর জন্য। কিন্তু কিভাবে কম্পিউটার বুঝবে আপনি বিরক্ত হয়েছেন বা খুশী হয়েছেন? মার্কিন যুক্তরাষ্ট্রের বিখ্যাত শিল্প প্রতিষ্ঠান এমআইটির বিজ্ঞানী ডঃ রসপিকার ও তার সহকর্মীরা কম্পিউটারে কৃত্রিম চোখ ও কান দিতে চাচ্ছেন ক্ষুদ্র কয়েকটি ভিডিও ক্যামেরা ও মাইক্রোফোন বসিয়ে। এসব ভিডিও ক্যামেরা থেকে কম্পিউটার আপনার মুখের ভাব দেখতে পাবে এবং মাইক্রোফোন দিয়ে শুনতে পারবে আপনি খুশী অথবা বিরক্ত হয়েছেন বা কোন শব্দ করছেন কিনা। কিন্তু অনেক সময় আপনি মুখে কোন ভাব প্রকাশ না করেও দারুণ বিরক্ত হতে পারেন, তেমন অবস্থায় কম্পিউটার আপনার মনের ভাব বুঝতে পারবে কি করে? এ অবস্থাও কম্পিউটার বুঝতে পারবে। মানুষের দেহে অতি ক্ষুদ্র কম্পিউটার লাগানো থাকবে যে কম্পিউটার মূল কম্পিউটারকে খবর দেবে আপনার হৃৎপিণ্ডের গতি বা শ্বাস ঘন হচ্ছে কিনা। আপনার রক্তচাপ বাড়ছে কিনা।